**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

উপকূলীয় জনগোষ্ঠীর, বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা
মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ (জিসিএ) প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

**বিষয়: জিসিএ প্রকল্পের সারসংক্ষেপ।**

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | উপকূলীয় জনগোষ্ঠীর, বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা কাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্প। |
| ২. | (ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| | (খ) বাস্তবায়নকারী সংস্থা | : | মহিলা বিষয়ক অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ৩. | প্রাক্কলিত ব্যয় | : | (ক) মোট ৩০০৮৩.৪১ লক্ষ (তিনশত কোটি তিরাশি লক্ষ একচল্লিশ হাজার) টাকা। |
| | (খ) জিওবি | : | ৬৭১৬.০০ লক্ষ (সাতষট্টি কোটি ছাব্বিশ লক্ষ) টাকা। |
| | (গ) বৈদেশিক সহায়তা | : | ২৩৩৬৭.৪১ লক্ষ (দুইশত তেত্রিশ কোটি সাতষট্টি লক্ষ একচল্লিশ হাজার) টাকা। |
| ৪. | প্রকল্পের অর্থায়ন | : | |
| | (ঋণ/অনুদান/ইকুইটি) | : | অনুদান। |
| ৫. | বাস্তবায়ন কাল | : | (ক) শুরুর তারিখ : ০১ জানুয়ারী; ২০১৯।<br>(খ) সমাপ্তির তারিখ : ৩০ জুন ২০২৬। |
| ৬. | প্রকল্প এলাকা | : | খুলনা জেলার দাকোপ, কয়রা ও পাইকগাছা উপজেলা এবং সাতক্ষীরা জেলার আশাশুনি ও শ্যামনগর উপজেলা। |
| ৭. | প্রকল্পের উদ্দেশ্য | : | বাংলাদেশের উপকূলীয় এলাকায় বসবাসরত জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠী, বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততার ঝুঁকি প্রশমন ও অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করে সুপেয় পানির প্রাপ্যতা এবং জীবিকার মান উন্নয়ন করা। |
| ৮. | প্রকল্পের প্রধান কার্যক্রম | : | ক) জীবিকায়ন কার্যক্রম; খ) রেইন ওয়াটার হারভেস্টিং এর মাধ্যমে সুপেয় পানি সরবরাহকরণ ও গ) প্রশিক্ষণের মাধ্যমে ক্যাপাসিটি বিল্ডিং। |
| ৯. | বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে | : | |
| | অন্তর্ভূক্তি ও বরাদ্দ | : | ৩২৫৬.০০ লক্ষ (বত্রিশ কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা। |
| ১০. | প্রকল্পের অগ্রগতি | : | |

- ৪৩,০০০ জন নারীকে Livelohood কার্যক্রমের আওতায় আনা হয়েছে। তাদেরকে উৎপাদনমুখী বিভিন্ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা হয়েছে। এছাড়া ৪৩০০০ জন উপকারভোগীদের মধ্যে প্রায় ২৯০০.০০ লক্ষ (উনত্রিশ কোটি) টাকা ক্যাশগ্রান্ট হিসেবে EFT এর মাধ্যমে বিতরণ করা হয়েছে।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশে প্রতিষ্ঠানভিত্তিক/কমিউনিটি ভিত্তিক রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম কমিউনিটির নিকট হস্তান্তর কার্যক্রম শুরু করা হয়। ইতোমধ্যে ১৬৯ টি রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম এর মধ্যে সংশ্লিষ্ট উপকারভোগীদের নিকট ১২৫ টি প্রতিষ্ঠান/ কমিউনিটির নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া ২০২৫-২০২৬ অর্থবছরে আরো ১০ (দশ) খানাবিশিষ্ট ৬৫৮ টি প্রতিষ্ঠানভিত্তিক/কমিউনিটি ভিত্তিক রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম স্থাপনের কাজ চলমান আছে।
- ১৩৩০৮ টি খানাভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পন্ন হয়েছে এবং উপকারভোগীর নিকট হস্তান্তর করা হয়েছে। এক্ষেত্রে ২০২৫-২০২৬ অর্থবছরে ৩০০০ লিটার বিশিষ্ট আরো ২০০০ টি খানাভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা সিস্টেম স্থাপনের কাজ চলমান আছে।
- ইতোমধ্যে ২৫ টি পুকুরভিত্তিক পানি শোধানাগার উপকারভোগীর নিকট হস্তান্তর করা হয়েছে।
- ৬০১ জন মহিলাকে পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২৫২ জন কর্মকর্তাকে Training on Gender and Climate: Towards Equitable and Inclusive Transformation প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ৩৯ টি ইউনিয়নের ১০১ টি ওয়ার্ড পর্যায়ে জিওবি উপকারভোগীদের নিয়ে ১০২০টি দল গঠন করা হয়েছে এবং ১০২০টি দলের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে।
- প্রকল্পের আওতায় ৩৯টি ইউনিয়নে Social Audit Team গঠন করা হয়েছে।
- Social Audit বিষয়ে ৫টি উপজেলায় ToT প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।
- Adaptive Learning Campaign বিষয়ে ১৫২৫ জন কিশোর এবং ১৪৩৭ জন কিশোরীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। Cyclone Preparedness Program (CPP) কর্তৃক আয়োজিত ২০টি Early Warning প্রশিক্ষণ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

| | | | |
|---|---|---|---|
| ১১. | প্রকল্প পরিচালক | : | মুহাম্মাদ আব্দুল হাই আল মাহমুদ (যুগ্মসচিব) |

৩০/১১/২০২৫

Md. Abdul Hye Al Mahmud
National Project Director (Joint Secretary)